



নং-৪৫.০৫.০০০০.০০৯.২৯.০০১.১৯ (অংশ-৩).২৫৫

তারিখ : ১১/০৪/২০২৩খ্রি:

বিষয়: চট্টগ্রামে ০২/০৫/২০২৩ খ্রি. থেকে ০৩/০৫/২০২৩ খ্রি. মেয়াদে অনুষ্ঠেয় “Health Sector Response to Gender-Based-Violence (GBV)” শীর্ষক বিভাগীয় প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মোট ২ জন প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান সম্পর্কিত।

স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের অধীন জিএনএসপি ইউনিটের ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী চট্টগ্রাম বিভাগে “Health Sector Response to Gender-Based Violence (GBV)” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্বাস্থ্যবিধি মেনে আগামী ০২/০৫/২০২৩ খ্রি. থেকে ০৩/০৫/২০২৩ খ্রি. মেয়াদে অনুষ্ঠেয় প্রশিক্ষণটি প্রতিদিন সকাল ৯ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম এর কার্যালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ কর্মসূচিতে মূলত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তারা অংশগ্রহণ করবেন। উল্লেখ্য, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম মহোদয় প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করতে সদয় সম্মত হয়েছেন।

০২। উক্ত কর্মসূচিতে নিম্নবর্ণিত প্রশিক্ষণার্থীদেরকে মনোনয়ন প্রদান করে জিএনএসপি ইউনিটে পূর্বাগ্রে মোবাইল নম্বরসহ তালিকা প্রেরণ ও মনোনীতদের সকাল ৯ টায় প্রশিক্ষণে উপস্থিতি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করার জন্য তাঁকে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হ'ল :

ক্রমিক নং	পদবী	অংশগ্রহণকারীর সংখ্যা	কর্মস্থল	মোট	মনোনয়ন প্রদানকারী কর্তৃপক্ষ
১	আবাসিক সার্জন (শিশু সার্জারি)	১	চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম	২ জন	পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম
২	আবাসিক সার্জন (অবস অ্যান্ড গাইনি)	১			

০৩। উল্লেখ্য, প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদের সরকারী বিধি অনুযায়ী নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।

০৪। প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য প্রয়োজনে অনুগ্রহপূর্বক জিএনএসপি ইউনিটের নাজমা সিদ্দিকা বেগম, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার [০১৭১৯-১৩৯৮১৩] এবং ডা: এজিএম মাশুকুর রহমান, সিনিয়র কনসালটেন্ট [০১৬৭১১১৬০১৭] এর সাথে যোগাযোগ করা যেতে পারে।



(মো: সাইদুর রহমান খান)

প্রোগ্রাম ম্যানেজার

জিএনএসপিইউনিট

স্বাস্থ্য সেবা বিভাগ

মোবাইল: ০১৭১৬৮১৭৫৬৮

ই-মেইল: msrk\_6415@gmail.com

পরিচালক,

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।

**অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম।

২। লাইন ডিরেক্টর, এইচআইএস অ্যান্ড ই-হেলথ এবং ডিরেক্টর (এমআইএস)/লাইনডিরেক্টর (এইচএসএম)/ডিরেক্টর (হসপিটাল অ্যান্ড ক্লিনিকস)/ লাইন ডিরেক্টর (উপজেলা হেলথ কেয়ার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সিস্টেম অ্যানালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৫। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৬। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।